JAN. 1 8 2001

ভোরের কাগজ

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে শহীদ শাহ চিশতী হেলালুর রহমান ট্রাস্ট ফান্ড গঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির উদ্যোগে মুক্তিযুদ্ধে শহীদ সাংবাদিক শাহ চিশতী হেলালুর রহমানের নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি ট্রাস্ট ফান্ড গঠন করা হয়েছে। রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ কর্তৃক সমিতিকে প্রদত্ত ১ লাখ টাকার অনুদান দিয়ে এই ট্রাস্ট গঠন করা হয়।

গতকাল বুধবার উপাচার্য দপ্তরে আয়োজিত এক জনাড়ম্বর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সভাপতি আবু নাসের রাজীব বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর কাছে উল্লিখিত পরিমাণ টাকার একটি চেক হস্তান্তর করেন। চেক হস্তান্তর অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক আবুল হাশেম, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আহাদুজ্জামান মোহাম্মদ আলী, প্রেস ইনস্টিটিউট অফ বাংলাদেশ (পিআইবি)-এর মহাপরিচালক ড. শেখ আবদুস সালাম, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহম্মদ সেলিম, সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক আশরাফুল আলম খোকন এবং সমিতির কোষাধ্যক্ষ ফয়জুল্লাহ মাহমুদ উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদাধিকার বলে এই ট্রাস্টের চেয়ারম্যান থাকবেন। এ ছাড়া ট্রাস্টি বোর্ডের সদস্য থাকবেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান, পিআইবির মহাপরিচালক, ঢা. বি. সাংবাদিক সমিতি মনোনীত সমিতির একজন প্রতিষ্ঠাতা সদস্য, ঢাকা রিপোর্টার্স ইউনিটি-এর সভাপতি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক।

উল্লেখ্য, এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতি বছর একজন শ্রেষ্ঠ 'ক্যাম্পাস রিপোর্টার'-কে পুরস্কৃত করা হবে।